**পশ্চিমবঙ্গ সরকার**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**
**৬৩, নেতাজী সুভাষ রোড (দ্বিতীয় তল), কলকাতা-১**

**নং ঃ ৩৮৪২ -আর.ডি. (জে.আর.ওয়াই.)/১৩ই-২৭/০৩** **কলকাতা, ১৭.০৬.২০০৯**

# স্মারক

অবরসহবাস্তুকার ও সহবাস্তুকার পদে কর্মরত কর্মচারীরা বিভিন্ন সময়ে বিভাগের কাছে তাদের বদলির বিষয়টি বিবেচনার জন্য আবেদন রাখছেন। এছাড়াও অবরসহবাস্তুকার ও সহবাস্তুকার কর্মচারী সমিতি বদলির বিষয়টি নিয়ে সুপারিশ করছেন। কিন্তু অবরসহবাস্তুকার ও সহবাস্তুকার পদে কর্মরত কর্মচারীর বদলির বিষয়ে কোন সুনির্দ্দিষ্ট নীতি এযাবৎ নির্ধারিত না হওয়ার দরুণ বিষয়টি নিষ্পত্তি করার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে। যেহেতু উপরোক্ত পদের কর্মচারীরা সরাসরি জনস্বার্থ ও উন্নয়নমূলক কাজের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত, কাজেই বিষয়টির গুরুত্ব বিবেচনা করে খুব শীঘ্র বিভিন্ন জেলায় কর্মরত এই বিভাগের অবরসহবাস্তুকার পদ থেকে নির্বাহী বাস্তুকার পদ পর্যন্ত সমস্ত কর্মচারীর বদলির বিষয়ে একটি সুনির্দ্দিষ্ট নীতি নির্ধারণ করা আবশ্যক, যে নীতির উপর ভিত্তি করে এই বিভাগের প্রযুক্তি কাঠামোয় (Engineering Set up under RWP) কর্মরত সমস্ত কর্মচারীর প্রতি সমদৃষ্টিভঙ্গি রেখে বদলি নীতি নির্ধারণ করা হল। ইহা প্রকাশের দিন থেকেই কার্যকরী করা হল।

**সমস্ত জেলাগুলোকে মোট তিনটি অঞ্চলে ভাগ করা হল** ঃ-

| **ক- অঞ্চল (Zone)** | **খ- অঞ্চল (Zone)** | **গ- অঞ্চল (Zone)** |
|---|---|---|
| ১. কোচবিহার | ১. হাওড়া | ১. বর্ধমান |
| ২. জলপাইগুড়ি | ২. দক্ষিণ ২৪পরগণা | ২. বীরভূম |
| ৩. দার্জিলিং | ৩. উত্তর ২৪পরগণা | ৩. বাঁকুড়া |
| ৪. শিলিগুড়িমহকুমা পরিষদ | ৪. নদিয়া | ৪. পুরুলিয়া |
| ৫. উত্তর দিনাজপুর | ৫. মুর্শিদাবাদ | ৫. পশ্চিম মেদিনীপুর |
| ৬. দক্ষিণ নিনাজপুর | ৬. পূর্ব মেদিনীপুর | |
| ৭. মালদা | ৭. হুগলী | |

**(১) অবরসহবাস্তুকারদের বদলির নীতি** ঃ-

এই বিভাগে বর্তমানে লোকসেবা আয়োগ কর্তৃক সরাসরি অবরসহবাস্তুকার পদে নিয়োগ করা হয়। সহবাস্তুকার পদে পদোন্নতির নীতি অনুযায়ী একজন অবরসহবাস্তুকার পদে মোট ১০ বৎসর কর্মরত থাকলে ও লোকসেবা আয়োগ কর্তৃক Professional পরীক্ষায় উর্ত্তীণ হলে তিনি সহবাস্তুকার পদে উন্নীত হওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন। কিন্তু বর্তমানে যারা প্রায় ২০ থেকে ২৫ বৎসর পর্যন্ত অবরসহবাস্তুকার পদে কর্মরত ও Professional পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তারাই সহবাস্তুকার পদে পদোন্নীত হওয়ার জন্য বিবেচিত

হচ্ছেন। কাজেই অবরসহবাস্তুকার পদের মোট কার্যকাল ১৬ থেকে ১৮ পর্যন্ত ধরে নেওয়া যেতে পারে। সেই অনুযায়ী নিম্নলিখিত ৫টি ক্রমে অবরসহবাস্তুকার পদে বহাল হওয়ার নিয়ম নির্ধারণ করা যেতে পারে।

(ক) নিযুক্ত হওয়ার দিন থেকে প্রথম চার বৎসর কর্মরত কর্মচারীর বাড়ী ( Home District) উপরোক্ত অঞ্চলে যে স্থানে অবস্থিত তার পার্শ্ববর্তী অঞ্চলে যেকোন জেলায় বহাল হবেন।

(খ) পরবর্ত্তী চার বৎসর (৫-৮ বৎসর) নিজ বাড়ী যে অঞ্চলে অবস্থিত সেই অঞ্চলের নিজ জেলার ( Home District) দূরবর্ত্তী জেলায় বহাল হবেন।

(গ) পরবর্ত্তী চার বৎসর (৯-১২ বৎসর) একই অঞ্চলে নিজ জেলা থেকে নিকটতর জেলায় বহাল হবেন।

(ঘ) পরবর্ত্তী চার বৎসর (১৩-১৬বৎসর) নিজ জেলায় ( Home District) বহাল হবেন।

(ঙ) পরবর্তীকালে প্রয়োজন হলে নিজ জেলার নিকতম ব্লকে বহাল হবেন ।

‘ব’ এছাড়া যদি কোন কর্মচারী (অবরসহবাস্তুকার) বিশেষ যুক্তিযুক্ত কারণ দর্শিয়ে তার পছন্দানুযায়ী কোন জেলায় বদলির জন্য আবেদন করেন তাহলে আবেদনের গুরুত্ব উপলব্ধি করে বিভাগের কর্ত্তৃপক্ষ তাকে একটি নির্দ্দিষ্ট সময়সীমার জন্য বদলির আদেশ দিতে পারবেন।

জনস্বার্থ কাজের জন্য প্রয়োজন অনুযায়ী উপরোক্ত নিরিখ ছাড়াও বিভাগ মনে করলে যে কোন জেলায় একজন কর্মচারীকে বদলির আদেশ দিতে পারবেন।

**(২) সহবাস্তুকারদের বদলির নীতি ঃ-**

সহবাস্তুকার পদে মূলত দুইভাবে নিয়োগ করা হয়- (১) সরাসরি লোকসেবা আয়োগ কর্তৃক। (২) Feeder Post (অবরসহবাস্তুকার পদ) থেকে পদোন্নতির মাধ্যমে লোক-সেবা আয়োগের সুপারিশক্রমে।

নির্বাহী বাস্তুকার পদে পদোন্নতির নীতি অনুযায়ী একজন সহবাস্তুকার পদে মোট ৬বৎসর কর্মরত থাকলে ও লোকসেবা আয়োগ কর্তৃক বিভাগীয় পরীক্ষায় (Departmental Examination) উর্ত্তীন হলে তিনি নির্বাহী বাস্তুকার পদে উন্নীত হওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন। আমাদের বিভাগে মোট ২০টি নির্বাহী বাস্তুকার পদ থাকায় সহবাস্তুকারদের পর্যায় সূচীতে (Gradation List) প্রথম ২০জন ৬বৎসরের মধ্যে যদি বিভাগীয় পরীক্ষায় উর্ত্তীণ হন তাহলে পদোন্নতির সুযোগ পেতে পারেন। কিন্তু পরবর্তীকালে এই সময়সীমা নির্বাহী বাস্তুকার পদে কর্মরত কর্মচারীর অবসরগ্রহনের উপর নির্ভরশীল হবে। কাজেই এক্ষেত্রে সহবাস্তুকার পদে মোট কার্যকাল ১৫-১৬ বৎসর পর্যন্ত ধরে নেওয়া যেতে পারে। সেই পরিপ্রেক্ষিতে সহবাস্তকার পদে বহাল হওয়ার নিয়ম নিম্নলিখিত অনুযায়ী করা হবে।

**(ক) সহবাস্তুকার পদে যারা সরাসরি নিযুক্ত হবেন অথবা উন্নীত হবেন (কার্যকাল ১৫ বৎসর )**

(১) নিযুক্ত হওয়ার দিন থেকে প্রথম চার বৎসর কর্মরত কর্মচারীর বাড়ী ( Home District) উপরোক্ত অঞ্চলে যে স্থানে অবস্থিত তার থেকে দূরবর্তী অঞ্চলের যেকোন জেলায় বহাল হবেন।

(২) পরবর্তী চার বৎসর (৫-৮ বৎসর) নিজ বাড়ী ( Home District) যে অঞ্চলে অবস্থিত তার পার্শ্ববর্তী অঞ্চলের যেকোন জেলায় বহাল হবেন।

(৩) পরবর্তী চার বৎসর (৯-১২ বৎসর) নিজ অঞ্চলের যেকোন জেলায় বহাল হবেন।

(৪) পরবর্তীকালে (প্রয়োজন হলে) নিজ জেলায় বহাল হবেন।

(৫) অবরসহবাস্তুকার থেকে পদোন্নীত সহবাস্তুকারদের ক্ষেত্রে পূর্ববর্ত্তী Posting গুলি বিবেচনার মধ্যে আনা হবে।
এছাড়াও নথির ২নং পৃষ্ঠার 'ব' অঙ্কিত অংশটিও এক্ষেত্রে প্রযোজ্য হবে।

**(৩) নির্বাহী বাস্তুকার পদে বদলির নীতি ঃ-**

এইবিভাগে সহবাস্তুকার পদ থেকে উন্নীত হয়ে নির্বাহী বাস্তুকার পদে নিযুক্ত হন। নির্বাহী বাস্তুকার পদের কার্যকাল ১০-১২ বৎসর ধরে নিয়ে নিম্নলিখিত ৩টি ক্রমে নির্বাহী বাস্তুকার পদে বহাল করার নিয়ম নির্ধারণ করা যেতে পারে।

(ক) নিযুক্ত হওয়ার দিন থেকে প্রথম চার বৎসর কর্মরত কর্মচারীর বাড়ী ( Home District) যে অঞ্চলে অবস্থিত তার থেকে দূরবর্তী অঞ্চলের যেকোন জেলায় বহাল হবেন।

(খ) পরবর্তী চার বৎসর নিজ বাড়ী যে অঞ্চলে অবস্থিত তার পার্শ্ববর্তী অঞ্চলের যেকোন জেলায় বহাল হবেন।

(গ) পরবর্তী সময়কাল নিজ অঞ্চলের যেকোন জেলায় (নিজ জেলা ব্যতিরেক) বহাল হবেন।

এছাড়াও নথির ২নং পৃষ্ঠার 'ব' অঙ্কিত অংশটির নিয়মাবলীও এক্ষেত্রে সংযোজিত হবে।

বিভাগের প্রযুক্তি আধিকারিকরা যেকোন পদে একই জায়গাতে ৪ (চার) বৎসরের বেশি বহাল থাকবেন না।

চাকুরীতে নিযুক্ত হওয়ার সময় গৃহীত স্থায়ী ঠিকানাকেই (যাহা কৃত্যক বহিতে (Service Book) লিপিবদ্ধ থাকে) কর্মচারী বাড়ীর জেলা (Home district) হিসাবে বিবেচিত হবে।

উপরোক্ত নিয়মানুযায়ী প্রতিটি পদে বদলির আদেশ প্রয়োগ করার সময় সর্বক্ষেত্রেই কর্মচারীর চাকুরীর সময়সীমা বিবেচনাধীন রেখে নিয়মাবলীর নির্দ্দিষ্ট ধাপটি প্রযোজ্য হবে। এক্ষেত্রে বিভাগীয় কর্ত্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

"কর্মচারী সংগঠনের কার্যকরী সমিতিতে সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ পদে বা বিশেষ কোন পদে নিবার্চিত পদাধিকারিকগণকে তাঁদের সমিতির পদে বহাল থাকার মেয়াদকাল পর্যন্ত সাধারণ ভাবে অন্য কোন জেলায় বদলি করা হবে না।"

প্রধান সচিব
পশ্চিমবঙ্গ সরকার